

রিয়াদে বৈশাখী এক শিশু নৃত্যশিল্পী



রিয়াদে জনগ্রহণকারিণী ফিক্রা বাসেত বৈশাখী কেজি তে নয় সরাসরি ভর্তি হয়েছে ক্লাশ ওয়ানে। রিয়াদে বাঙালি কমিউনিটির একমাত্র ভরসা বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজে। তার স্কুল জীবনের যাত্রা শুরু গত জানুয়ারী ১, ২০০৬ইং তারিখে। স্কুলে ভর্তি হরার মাত্র একমাসের মাথায় স্কুলের বার্ষিক ক্রিয়া, সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা সে অংশ গ্রহণ করে। চকোলেট দৌড়, ৫০ মিঃ দৌড়, ব্যাঙ দৌড়, বাংলাও ইংরেজী ছড়া আবৃত্তি, অংকন ও কোরআন তেলাওয়াত। ব্যাঙ দৌড়ে বৈশাখী প্রথম স্থান অধিকার করে। দ্বিতীয় স্থান এ সায়মা শহীদ, তৃতীয় স্থান অধিকার করে সাদিয়া সাঈদ। বিজয়ী মধ্যে তারা তিনজন। মাঝে স্যালুয়েট প্রদর্শনে বৈশাখী। স্কুলে অনুষ্ঠিত ভাষাদিবস'০৬ উপলক্ষে অংকন প্রতিযোগিতায় বৈশাখী বাংলাদেশের পতাকা ঐকে তৃতীয় এবং স্বাধীনতাদিবস'০৬এ স্কুলে অংকন প্রতিযোগিতায় জাতীয় ফুল শাপলা ঐকে বৈশাখী প্রথমস্থান অধিকার করে। 'সুপ্রভাত বৈশাখী' তার জীবনের সবেমাত্র যাত্রা শুরু। সে সবার দোয়াপ্রার্থী।



(১)



(২)

(১) মধ্যে বৈশাখী তার স্কুল জীবনের প্রথম পুরস্কার স্কুল প্রদত্ত মেডেল ও সার্টিফিকেট হাতে গর্বিত। মধ্যে উপস্থিত স্কুলের সম্মানিত শিক্ষিকা ও স্কুল পরিচালনা পর্ষদের পত্নীগণ। উল্লেখ্য স্কুলের মেয়ে বাচ্চাদের এবং ছেলে বাচ্চাদের পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয় আলাদা আলাদা দিনে। এ এক চমৎকার ব্যবস্থা বলেই মনে হয়েছে। সবচে' বড় কথা বর্তমান স্কুল পরিচালনা পর্ষদ এদেশের (কিংডম) প্রচলিত নিয়ম-কানূনের প্রতি পূর্ণাঙ্গা শ্রদ্ধাশীল।

(২) ২নং ডানের চিত্র কিং আবদুল মেডিক্যাল সিটি, রিয়াদ (কিং ফাহদ ন্যাশনাল গার্ড হসপিটাল) ৬৮ জাতীয়তার মেধা মননে পরিচালিত। প্রতি ঈদে এখানে আয়োজিত হয় বাচ্চাদের জন্য প্রতিযোগিতা এবং মনোমুগ্ধকর যতো খেলাধুলার। যাতে বৈশাখী বরাবরের মতো অংশগ্রহণ করে আসছে। ১০টি বোতলে কে কত দ্রুত ঝট চুকাতে পারে তারই প্রতিযোগিতায় সে অংশ নেয়। তাতে সে দ্বিতীয়স্থান অধিকার করে। পাশে খেলার পরিচালক জর্ডানী মিঃ জালাল

‘সুপ্রভাত বৈশাখী’



বাংলাদেশ ইন্টারন্যাশনাল স্কুল এন্ড কলেজ, রিয়াদ কর্তৃক আয়োজিত বাচ্চাদের **যেমন খুশি সাজো** প্রতিযোগিতায় **বৈশাখী** ইচ্ছে জাগলো সে বাউল সাজবে। কারণ হিসেবে সে জানালো হাছন লালনের দেশের মানুষ সে, তাই সে সাজবে বাউল বা বাউলানী।



বৈশাখী সেদিন সউদী আরবের মেঘাসিটি রিয়াদের সউদী ন্যাশনাল মিউজিয়ামে গিয়েছিলো এদেশের ঐতিহাসিক বিষয়-আসয় দেখার জন্যে। সে উৎফুল্ল এবং বিস্মিত হয়েছে যখন সে প্রয়াত কিং আবদুল আজীজ আল সউদ (সউদী কিংডমের প্রতিষ্ঠাতা) কর্তৃক ব্যবহৃত তিন তিনটে সে আমলের মডেল বিখ্যাত রল্‌স্‌ রয়েস কোম্পানীর রল্‌স্‌ রয়েস গাড়ি দেখে। রল্‌স্‌ রয়েস কোম্পানীর গাড়ি ‘রল্‌স্‌ রয়েস’ তখন থেকে এখনও বিশ্বের সবচে’ দামী গাড়ি।

‘সুপ্রভাত বৈশাখী’



হঠাৎ করেই রিয়াদে চমক সৃষ্টি করেছে বৈশাখী একজন শিশু নৃত্যশিল্পী হিসেবে যখন সে প্রথম আত্মপ্রকাশ করে। ...চাঁদের সাথে আমি দেবোনা ..তোমার তুলনা... গানের সঙ্গে যে চমৎকার কোরিওগ্রাফ করে ছোট্ট মেয়ে বৈশাখী আর তাই দেখে অবাক বিশ্বয়ে হা.. করে রইলো অডিয়্যান্সের সবাই। বোঝলো সবাই আগুন আর প্রতিভা হচ্ছে যমজ ভাই। এদেরকে কেউ কখনো দাবিয়ে রাখতে পারেনি। যেমন পাকিস্তানীরা বহুকৌশল খাটিয়েও বাঙালিদের দাবিয়ে রাখতে পারেনি। এক সাগর রক্তের বিনিময়ে হলেও বাঙালি তাদের স্বাধীনতা অর্জন করতে সক্ষম হয়েছে। বৈশাখীও তেমনি....



(১)



(২)

(১) বৈশাখীর ছোট্ট বন্ধু রনকের জন্মদিনে বৈশাখী তার অন্যান্য বন্ধুদের সঙ্গে নিয়ে নেচেগেয়ে বন্ধুর জন্মদিনকে আনন্দ-উল্লাসে ভরে তুলে। মঞ্চে বৈশাখী নতুন বউ সাজে বসে একটি নৃত্য সঞ্জীতের প্রধান শিল্পীর ভূমিকায়।

(২) কিং আবদুল আজিজ মেডিকেল সিটি, রিয়াদের বিভিন্ন ডিপার্টমেন্টের স্টাফ ঈদের ১দিন ছুটিতে অনেকেই নিজ নিজ দেশে চলে যায়। তারপরও এখানে রয়ে যায় কম করে হলেও ৪০ থেকে ৪৫ জাতীয়তার লোকজন এবং তাদের বাচ্চারা। এদের সঙ্গে একই সাথে ঈদের আনন্দ ভাগাভাগি করে বৈশাখী। ঈদের নামাজ থেকে শুরু করে ঈদে মেডিক্যাল সিটির সোসিয়াল ক্লাব এবং স্টাফ রিক্রিয়েশন কর্তৃক আয়োজিত বাচ্চাদের জন্য সকল এ্যাকটিভিটিতেই বৈশাখী অংশ নেয়..আনন্দ করে। ২নং ছবিতে মঞ্চে প্রতিযোগিতার বিষয় হাতবাঁধা অবস্থায় কীভাবে তারা বলন্ত আপেল মুখে কামড়িয়ে খাবে তার বর্ণনা বুঝে নিচ্ছে অন্যান্য জাতীয়তার বাচ্চাদের সঙ্গে বৈশাখী।

লুবনা বাসেত বৃষ্টি

পরিচালক, শিশুকিশোর মরুপলাশ

ডেস্ক রিপোর্ট মরুপলাশ

৩৬

০৬ এপ্রিল ২০০৬ইং